## বাংলাদেশ নেভী মটর ট্রান্সপোর্ট ওয়ার্কশপ, চট্টগ্রাম

খুলনা শিপইয়ার্ড লিমিটেড এর একটি অঙ্গ সংগঠন
বাংলাদেশ নৌবাহিনী, খুলনা

খুশিলি/এইচআরএম-৯০/৪৬৫

# নিয়োগ বিজ্ঞপ্তি

৩০ সেপ্টেম্বর ২০২১

১। খুলনা শিপইয়ার্ড লিমিটেড এর একটি অঙ্গ প্রতিষ্ঠান **বাংলাদেশ নেভী মটর ট্রান্সপোর্ট ওয়ার্কশপ, চট্টগ্রাম** এর জন্য চুক্তিভিত্তিক নিম্নেবর্ণিত পদে জনবল নিয়োগের লক্ষ্যে উপযুক্ত প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে। বিস্তারিত বিবরণ নিম্নে প্রদত্ত হলোঃ

| ক্রঃ | পদ | সংখ্যা | ন্যূনতম যোগ্যতা (অভিজ্ঞতা ও শিক্ষাগত যোগ্যতা) |
|---|---|---|---|
| ক। | সহকারী প্রকৌশলী (অটোমোবাইল) | ০১ জন | (১) বিএসসি ইন মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং পাশসহ ন্যূনতম ০২ বছর অথবা ডিপ্লোমা ইন অটোমোবাইল/ মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (০৪ বছরের কোর্স) পাশসহ নূন্যতম ০৫ বছর যে কোন স্বনামধন্য অটোমোবাইল ওয়ার্কশপে যানবাহন মেরামত কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। (২) মাইক্রোসফট ওয়ার্ড, এক্সেল, পাওয়ারপয়েন্ট পারদর্শী। (৩) দেশ/ বিদেশের যে কোন স্বনামধন্য অটো মোবাইল ওয়ার্কশপের ম্যানেজমেন্ট পর্যায়ে চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে। (৪) বিভিন্ন প্রকার স্ক্যানার দ্বারা হাইব্রিড গাড়ী ট্রাবল শুটিং ও মেরামত কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। |
| খ। | উপ-সহকারী প্রকৌশলী (অটোমোবাইল) | ০১ জন | (১) ডিপ্লোমা ইন অটোমোবাইল/ পাওয়ার (অটোমোবাইল)/ মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (০৪ বছরের কোর্স) পাশসহ ন্যূনতম ০৩ বছর যে কোন স্বনামধন্য অটোমোবাইল ওয়ার্কশপে যানবাহন মেরামত কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। (২) মাইক্রোসফট ওয়ার্ড, এক্সেল, পাওয়ারপয়েন্ট পারদর্শী হতে হবে। (৩) দেশ/ বিদেশের যে কোন স্বনামধন্য অটো মোবাইল ওয়াকশপের ফ্লোর ইনচার্জ হিসেবে চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে। (৪) বিভিন্ন প্রকার স্ক্যানার দ্বারা হাইব্রিড গাড়ী ট্রাবল শুটিং ও মেরামত কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। |
| গ। | সহঃ হিসাবরক্ষণ কর্মকর্তা | ০১ জন | (১) একাউন্টিং বিষয়ে ন্যূনতম স্নাতক/ সমমান পাশসহ নূন্যতম ০৫ বছর যে কোন স্বনামধন্য প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। (২) মাইক্রোসফট অফিস এর কাজে পারদর্শী হতে হবে। |
| ঘ। | হিসাব সহকারী | ০১ জন | (১) একাউন্টিং/ম্যানেজমেন্ট/মার্কেটিং বিষয়ে ন্যূনতম স্নাতক/ সমমান পাশসহ নূন্যতম ০৩ বছর যে কোন স্বনামধন্য প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। (২) মাইক্রোসফট অফিস এর কাজে পারদর্শী হতে হবে। |
| ঙ। | ফ্লোর সুপারভাইজার | ০১ জন | (১) নূন্যতম এইচএসসি/সমমান পাশসহ ন্যূনতম ১০ বছর যে কোন স্বনামধন্য অটোমোবাইল ওয়ার্কশপে যানবাহন মেরামত কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। (২) হাইব্রিড গাড়ী মেরামতে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। |
| চ। | স্টোর কিপার | ০১ জন | (১) এইচএসসি (বাণিজ্য)/বিএম পাশসহ ন্যূনতম ০৩ বছর যে কোন স্বনামধন্য অটোমোবাইল ওয়ার্কশপে সংশ্লিষ্ট কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। (২) মাইক্রোসফট অফিস এর কাজে পারদর্শী হতে হবে।<br>(৩) অটোমোবাইল ট্রেড কোর্স সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। |
| ছ। | অফিস পিয়ন | ০১ জন | ৮ম শ্রেণি/ সমমান পাশসহ ন্যূনতম ০৩ বছর যে কোন স্বনামধন্য প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| জ। | অটো মেকানিক (ভারী যান) | ০১ জন | অষ্টম শ্রেণি পাশসহ কমার্শিয়াল যানবাহন সমূহ (বাস/ ট্রাক) মেরামত/ রক্ষণাবেক্ষণ কাজে ন্যূনতম ১০ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ঝ। | অটো পেইন্টার (ভারী যান) | ০১ জন | অষ্টম শ্রেণি পাশসহ কমার্শিয়াল যানবাহন সমূহ (বাস/ ট্রাক) পেইন্টিং কাজে ন্যূনতম ১০ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ঞ। | অটো পেইন্টার (হালকা যান) | ০১ জন | অষ্টম শ্রেণি পাশসহ কমার্শিয়াল যানবাহন সমূহ (কার/জীপ/মাইক্রো) পেইন্টিং কাজে ন্যূনতম ১০ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ট। | ভল্কানাইজার | ০১ জন | অষ্টম শ্রেণি পাশসহ কমার্শিয়াল যানবাহন সমূহের ভল্কানাইজিং কাজে ন্যূনতম ১০ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ঠ। | অটো ডেন্টার (ভারী যান) | ০১ জন | অষ্টম শ্রেণি পাশসহ কমার্শিয়াল যানবাহন সমূহ (বাস/ ট্রাক) ডেন্টিং কাজে ন্যূনতম ১০ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ড। | এসি ও অটো ইলেকট্রিশিয়ান (হালকা যান) | ০১ জন | (১) অষ্টম শ্রেণি পাশসহ কমার্শিয়াল যানবাহন সমূহ (কার/জীপ/মাইক্রো) এর এসি ও ইলেকট্রিক্যাল মেরামত/ রক্ষণাবেক্ষণ কাজে ন্যূনতম ১০ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>(২) হাইব্রিড গাড়ীর ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক্স সিস্টেম মেরামতে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। |
| ঢ। | সহকারী অটো ইলেকট্রিশিয়ান (হালকা যান) | ০১ জন | (১) অষ্টম শ্রেণি পাশসহ কমার্শিয়াল যানবাহন সমূহ (কার/জীপ/মাইক্রো) এর এসি ও ইলেকট্রিক্যাল মেরামত/ রক্ষণাবেক্ষণ কাজে ন্যূনতম ৫ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>(২) হাইব্রিড গাড়ীর ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক্স সিস্টেম মেরামতে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। |
| ণ। | অটো ক্লিনার | ০১ জন | (১) অষ্টম শ্রেণি পাশসহ কমার্শিয়াল যানবাহন সমূহ ক্লিনিং কাজে ন্যূনতম ১০ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>(২) অটোমেটিক ক্লিনিং মেশিন চালনায় পারদর্শী প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে। |
| ত। | অটো মেকানিক (মোটর বাইক) | ০১ জন | অষ্টম শ্রেণি পাশসহ মোটর বাইক মেরামত/ রক্ষণাবেক্ষণ কাজে ন্যূনতম ১০ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |

২। **শর্তাবলী ঃ**

ক। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে এবং চট্টগ্রামে কাজ করার আগ্রহ থাকতে হবে।

খ। আগ্রহী প্রার্থীগণকে খুশিলি কর্তৃক নির্ধারিত আবেদন ফরমে স্পষ্টাক্ষরে স্বহস্তে পূরণপূর্বক **ব্যবস্থাপনা পরিচালক**, খুলনা শিপইয়ার্ড লিমিটেড, বাংলাদেশ নৌ বাহিনী, খুলনা বরাবর আবেদন করতে হবে। আবেদন ফরম খুশিলির ওয়েবসাইট **www.khulnashipyard.com** অথবা সরাসরি বাংলাদেশ নেভী মটর ট্রান্সপোর্ট ওয়ার্কশপ, বানৌজা ঈসা খাঁ, নিউমুরিং, চট্টগ্রাম হতে সংগ্রহ করা যাবে।

গ। বর্ণিত ক হতে গ পদের জন্য টাকা ৩০০/- (তিনশত) এবং ঘ হতে ত পদের জন্য টাকা ২০০/- (দুইশত) **"খুলনা শিপইয়ার্ড এমপ্লয়ীজ ওয়েলফেয়ার ফান্ড, খুলনা"** এর অনুকূলে **সোনালী ব্যাংকের** যে কোন শাখা হতে অফেরৎযোগ্য ব্যাংক ড্রাফট/ পে-অর্ডারসহ আবেদন করতে হবে।

ঘ। আবেদন পত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা/ নাগরিক সনদপত্র ও অভিজ্ঞতার সনদপত্র (সত্যায়িত ফটো কপি) ও সদ্য তোলা রঙ্গিন পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে। মৌখিক সাক্ষাৎকার এর সময় সকল প্রকার শিক্ষাগত যোগ্যতার মূল সনদ অব্যশই সাথে আনতে হবে।

ঙ। প্রার্থীর আবেদনপত্র অবশ্যই আগামী ১২ অক্টোবর ২০২১ তারিখ রোজ মঙ্গলবার বিকাল ১৭০০ ঘটিকার মধ্যে হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট সেকশন, খুলনা শিপইয়ার্ড লিমিটেড এ পৌছাতে হবে। **লিখিত/ ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার তারিখ পরবর্তীতে চিঠি/ মোবাইল ফোনের মাধ্যমে জানানো হবে।**

চ। প্রার্থীর বয়সসীমা অনুর্ধ্ব ৩০ বৎসর হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য নয়। তবে অভিজ্ঞ/ মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।

ছ। বেতন প্রতিষ্ঠানের কাঠামো অনুযায়ী আলোচনা সাপেক্ষে নির্ধারণ করা হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবে না।

জ। উপরে বর্ণিত সকল পদে নিয়োগপ্রাপ্তদের এমটি ওয়ার্কশপ, চট্টগ্রাম এর আবাসিক হল/ মেসে থেকে চাকুরী করার ইচ্ছা থাকতে হবে। অসম্পূর্ণ/ ক্রটিপূর্ণ বা শর্তাবলী অপূর্ণ থাকলে আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

ঝ। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ/ যে কোন আবেদনপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবে না। দরখাস্তের সাথে দাখিলকৃত কোন কাগজপত্র ফেরৎ দেয়া হবে না।

মোঃ কামরুজ্জামান
অফিসার ইনচার্জ (ওআইসি)
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট
পক্ষে ম্যানেজিং ডাইরেক্টর

**হুশিয়ারি ঃ চাকুরীর ব্যাপারে কোন অসৎ ব্যক্তির সহিত আর্থিক সংযোগ করে প্রতারিত হবেন না।**